



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষিভবন
৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
(বীজ বিতরণ বিভাগ)

স্মারক নং- ১২.২৭৫.০৩৫.০১.০১.১১০.২০১৬-২২৯৮

তারিখ: ১৯ জানুয়ারি ২০২৩ খ্রি.

স্মারকলিপি

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)র পরিচালনা পর্ষদের ২০২২-২৩ অর্থবছরের ৪র্থ সাধারণ সভা ০৮ জানুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিএডিসির বিদ্যমান সবজি ফসলের ইনব্রিড ও হাইব্রিড বীজ এবং বীজআলুর বিক্রয়দর নির্ধারণের ক্ষেত্রে চাষি ও ডিলারপর্যায়ে বিক্রয়দরের পার্থক্যের সংশোধিত হার নির্ধারণ বিষয়ে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে।

ক) সবজি ফসলের ইনব্রিড বীজের ক্ষেত্রে চাষিপর্যায়ে ও ডিলারপর্যায়ে বিক্রয়দরের পার্থক্য চাষিপর্যায়ে বিক্রয়দরের (MRP) সর্বোচ্চ ১৫%।


খ) সবজি ফসলের হাইব্রিড বীজের ক্ষেত্রে চাষিপর্যায়ে ও ডিলারপর্যায়ে বিক্রয়দরের পার্থক্য চাষিপর্যায়ে বিক্রয়দরের (MRP) সর্বোচ্চ ১৭%।

গ) সাধারণভাবে বীজআলুর ক্ষেত্রে চাষিপর্যায়ে ও ডিলারপর্যায়ে বিক্রয়দরের পার্থক্য চাষিপর্যায়ে বিক্রয়দরের (MRP) সর্বোচ্চ ১৩%।

ঘ) যে সকল বীজ ডিলার পদ্মা অথবা বঙ্গবন্ধু সেতুতে টোল প্রদান করে পূর্বাঞ্চল থেকে উত্তর, দক্ষিণ বা পশ্চিমাঞ্চলে বীজআলু পরিবহন করে বিক্রি করবেন সেক্ষেত্রে চাষিপর্যায়ে ও ডিলারপর্যায়ে বিক্রয়দরের পার্থক্য চাষিপর্যায়ে বিক্রয়দরের (MRP) সর্বোচ্চ ১৫%। অনুরূপভাবে যে সকল বীজ ডিলার পদ্মা অথবা বঙ্গবন্ধু সেতুতে টোল প্রদান করে উত্তর বা দক্ষিণ-পশ্চিমাঞ্চল থেকে পূর্বাঞ্চলে বীজআলু পরিবহন করে বিক্রি করবেন সে ক্ষেত্রেও চাষিপর্যায়ে ও ডিলারপর্যায়ে বিক্রয়দরের পার্থক্য চাষিপর্যায়ে বিক্রয়দরের (MRP) সর্বোচ্চ ১৫% প্রযোজ্য হবে।

উল্লেখ্য, চাষি ও ডিলার পর্যায়ে বিক্রয়দরের পার্থক্যের উক্ত সংশোধিত দর আগামী ২০২৩-২৪ অর্থবছর হতে কার্যকর হবে।

সংযুক্ত: বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন(বিএডিসি)র পরিচালনা পর্ষদের ২০২২-২৩ অর্থবছরের ৪র্থ সাধারণ সভার কার্যবিবরণীর আলোচ্য বিষয়-০৪ এর প্রস্তাবনা “খ” এর অঞ্চলসমূহ।


১৯/০১/২০২৩

প্রদীপ চন্দ্র দে
(পরিচিতি নং-০২০১০৪)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা।

অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাব্যবস্থাপক (বীজ/পাটবীজ/এএসসি/উদ্যান/সার ব্যবস্থাপনা), বিএডিসি, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীবি/বীপ্রস/খামার/কঃগ্রোঃ/সিডিপি গ্রুপস), বিএডিসি, ঢাকা।
- ৩। প্রকল্প/কর্মসূচি/যুগ্ম পরিচালক (বীউ/ বীআমক/ ডাল ও তৈলবীজ/সবজি বীজ, বিএডিসি, ঢাকা।
- ৪। যুগ্মপরিচালক (বীজ বিপণন), বিএডিসি, (সকল)।
- ৫। জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ৬। উপপরিচালক (বীজ বিপণন), বিএডিসি, (সকল)।
- ৭। প্রোগ্রামার, আইসিটি সেল, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
- ৯। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

মো: ইদ্রিস মিয়া

(পরিচিতি নং-০২০১২৬)
অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীবি)
বিএডিসি, ঢাকা।